

## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

www.nctb.gov.bd

বিজ্ঞপ্তি নং- প্র:শা:২৭১/০৪/১৬৬

তাং-২০/৫/১৯

### আইন উপদেষ্টা ও প্যানেল এ্যাডভোকেট নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের বিভিন্ন আইনগত বিষয়ে পরামর্শ/মতামত প্রদানসহ প্রয়োজনবোধে বোর্ডের পক্ষে বিভিন্ন আদালতে মামলা পরিচালনার লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে ০২ (দুই) বৎসরের জন্য খণ্ডকালীন একজন আইন উপদেষ্টা এবং দুইজন প্যানেল এ্যাডভোকেট নিয়োগের জন্য নিচেবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণকে নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে

১	শিক্ষাগত যোগ্যতা	:	এলএলবি/এলএলবি (সম্মান) তবে বার এ্যাট ল' ডিগ্রিধারী আইনজীবীগণকে অগ্রাধিকার দেওয়া হবে।
২	অভিজ্ঞতা	:	দেওয়ানী ও ফৌজদারী মামলাসহ আরবিট্রেশন ও প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন সম্পর্কিত মামলা পরিচালনায় ন্যূনতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবী। তন্মধ্যে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে অবসরপ্রাপ্ত জেলা জজ/ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে মামলা পরিচালনায় অভিজ্ঞ আইনজীবীগণকে অগ্রাধিকার দেওয়া হবে।
৩	ফি/সম্মানী	:	মালোচনা সাপেক্ষ
৪	আবেদন পত্রের সাথে যেসব কাগজপত্র দাখিল করতে হবে	:	১) সচিব, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বরাবর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র (নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বর্তমান বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বার কাউন্সিল কর্তৃক জজ কোর্ট ও হাইকোর্টে আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তির তারিখ, যোগাযোগের জন্য ফোন/ মোবাইল নম্বর ও ইমেইল আইডি উল্লেখপূর্বক); ২) সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি ৩) বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সনদ, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি; ৪) অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
৫	আবেদনের সময়সীমা	:	২০/৬/২০১৯ তারিখ, বিকাল ৫ টার মধ্যে সরাসরি/ডাক/কুরিয়ার যোগে সচিব, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে বিবেচিত হবে।
৬	আবেদন ফি	:	চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বরাবর যে কোন তফশিলি ব্যাংক হতে ৫০০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার
৭	অন্যান্য শর্তবিধী:	:	ক) বোর্ডের আইন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মতামত প্রদান, চুক্তিপত্র পরীক্ষা-নিরীক্ষাসহ ডেটিং এবং প্রয়োজনবোধে বোর্ডের পক্ষে বিভিন্ন আদালতে মামলা পরিচালনা করতে হবে। খ) বোর্ড কর্তৃক নির্ধারিত সময় পর চুক্তির মেয়াদ নবায়ন করা যাবে। গ) আইন উপদেষ্টা এবং প্যানেল এ্যাডভোকেট হিসেবে অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালনে ব্যর্থ হলে বোর্ড যে কোন সময় চুক্তি বাতিল করতে পারবে। ঘ) বোর্ডের অধীনে আইন উপদেষ্টা এবং প্যানেল এ্যাডভোকেট থাকাকালে তিনি অন্য কোন প্রতিষ্ঠানের আইন উপদেষ্টা এবং প্যানেল এ্যাডভোকেট হিসেবে দায়িত্বপালন করতে পারবেন না। ঙ) বোর্ডের মামলাসমূহের সার্বিক বিষয়ে পর্যালোচনার জন্য সপ্তাহে ০১ (এক) দিন অফিসে উপস্থিত থাকতে হবে।

(প্রফেসর ড. মোঃ নিজামুর করিম)

সচিব

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

ফোন:৯৫৬৫৬৪৪